গাংনীতে ফেন্সিডিলসহ শিশু আটক

মেহেরপুরের গাংনীতে ৫০ বোতল ফেন্সিডিলসহ সাজিদ আলী (১৪) নামের এক ইজিবাইক চালককে আটক করেছে গাংনী থানা পুলিশ। গতকাল শুক্রবার(০৩ ফেব্রুয়ারি) দুপুর সাড়ে ১২টার দিকে তাকে আটক করে।আটককৃত সাজিদ আলী উপজেলার কাজিপুর গ্রামের মধ্যপাড়ার শাহাজামাল আলীর ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, উপজেলা রামনগর গ্রাম দিয়ে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ভবানীপুর ক্যাম্প ইনচার্জ এস আই জহির রায়হান সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ৫০বোতল ফেন্সিডিলসহ ইজিবাইক চালক সাজিদ আলীকে আটক করে। এসময়মাদক বহনের কাজে ব্যবহৃত ইজিবাইকটিতে তল্লাশি করে ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করে ।

তিনি আরো জানান,আটককৃত সাজিদ আলীর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা পূর্বক আদালতে পাঠানো হবে । সাজিদের ইজিবাইকটি জব্দ করা হয়।